গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

স্মারক নং- ২৪.০৯.০০০০.০০০.০০.১৮০.১৫/ ২০৫ | তারিখঃ ০৩-০৭-২০২৪ইং

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ মোঃ আমিনুল ইসলাম, প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বিষয়ঃ জেডিপিসি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে ই-ফাইলে নোট নিষ্পত্তি সংক্রান্ত ৪র্থ কোয়াটারের (এপ্রিল থেকে জুন) প্রতিবেদন প্রেরণ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জেডিপিসি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে ৪.১.১ নং সূচকের কার্যক্রম অনুযায়ী ই-ফাইলে (এপ্রিল থেকে জুন) নোট নিষ্পত্তির হার ৯২.৩১%। এ সংক্রান্ত ৪র্থ কোয়াটারের ত্রৈমাসিক প্রতিবেদন (সমন্বয় সভার কার্যবিবরনীসহ) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

03.07.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২২৮.২১ --৬৯৭ তারিখ: ০৬ মে ২০২৪

বিষয়ঃ ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ০১ থেকে ৩০ এপ্রিল/২০২৪ তারিখ পর্যন্ত জেডিপিসি'র ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলোঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | মাসের নাম | মোট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেডিপিসি | এপ্রিল/২০২৪ | হার্ড-নথিতে নিষ্পত্তি | ডি-নথিতে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | |
| - | - | - | ০১টি | ১৪টি | ১৫ টি | ৯৩.৩৩% |

06.05.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোছাঃ আকতারুন নেছা,সিনিয়র সহকারি সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা।

এপ্রিল ২০২৪ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণঃ

| গত মাসের জের | আলোচ্য মাসের প্রাপ্তি | আলোচ্য মাসের নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশি নয় | এক সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশি নয় | এক মাসের অধিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | ১৫ | ১৪ | ০ | ০ | - | - | চলতি মাসে প্রাপ্ত ১৫টি পত্রের মধ্যে ১৪টি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে। বাকী ০১টি পত্র হার্ড-নথিতে নিষ্পন্ন করা হয়েছে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

## জেডিপিসি'র এপ্রিল/২০২৪ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সৈয়দা ফারহানা কাউনাইন<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি<br>ও<br>যুগ্মসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | জেডিপিসি'র সম্মেলন কক্ষ, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২৯-০৪-২০২৪ খ্রিঃ, সোমবার, সকাল ১০:৩০ ঘটিকা। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | **পরিশিষ্ট-'ক'** |

২। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত মার্চ-২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (এমআরপি) সভার আলোচ্যসূচির বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

৩। এ সভায় আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের আধুনিকায়নের প্রয়োজনীয় ব্যবস্থা। | পরিচালক (এমআরপি) জানান, গত সভায় এ বিষয়ে সিদ্ধান্ত ছিলঃ (১) বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে কনফারেন্স রুমের ছাদের ওপর সৌন্দর্য বৃদ্ধি করে ক্রেতাদের বসার স্থান প্রস্তুত করতে হবে। (২)দ্বিতীয় তলায় বহুমুখী পাটপণ্য সামগ্রীর শুধু বিক্রয় কেন্দ্র হিসেবে চালু থাকবে। (৩) নীচতলার প্রদর্শনী কেন্দ্রে বহুমুখী পাটপণ্য সামগ্রীসহ বিভিন্ন প্রকার ফেব্রিক্স ও ইয়ার্ণ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কিন্তু সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা সম্ভব হয়নি।<br><br>সভাপতি এ মর্মে অভিমত ব্যক্ত করেন যে, গত মার্চ ২০২৪ মাসের সভায় যেহেতু সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, সেহেতু তা যথাযথভাবে বাস্তবায়ন করা যৌক্তিক। সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করা যেতে পারে। এ প্রেক্ষিতে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার জন্য ০৫ সদস্যের সমন্বয়ে কমিটি একটি গঠন করা হলোঃ<br>১। জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি)-আহবায়ক<br>২। জনাব নুসরাত জাহান সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ-সদস্য<br>৩। জনাব মোহাম্মদ আলী লিয়াজো অফিসার-সদস্য<br>৪। জনাব জাফর সাদেক ম্যানেজার-সদস্য<br>(প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।) | গঠিত কমিটি |

চলমান পাতা

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.২ | জেডিপিসিতে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের তথ্য সংরক্ষণ। | ম্যানেজার অপারেশন জনাব মোঃ জাফর সাদেক জানান, আগত ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের সেবা সম্পর্কে ইতিবাচক মন্তব্য প্রদান করেন। তিনি আরও বলেন, দুর্নীতি দমন কমিশন কর্তৃক দুর্নীতি বিরোধী প্রচারণাকে জোরদার ও সততাকে প্রমোট করার লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে বিতরণের জন্য সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) দশ হাজার পার্স ও দশ হাজার স্কুল ব্যাগ ক্রয়ের মূল্য সম্বলিত প্রস্তাব প্রেরণের আহবান জানান। | ১। প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের সেবা সম্পর্কে মতামত লিপিবদ্ধ করে প্রাপ্ত মতামতের সার-সংক্ষেপ প্রতি সভায় উপস্থাপন করতে হবে। | জনাব জাফর সাদেক ম্যানেজার |
| | | সভাপতি জানান, প্রতিমাসে যে সকল ক্রেতা/দর্শনার্থীগন প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগমন করেন তাদের লিপিবদ্ধকৃত মতামত সভায় উপস্থাপন করতে হবে। তাছাড়া তিনি আরও বলেন, দুর্নীতি দমন কমিশন কর্তৃক দশ হাজার পার্স ও দশ হাজার স্কুল ব্যাগ ক্রয়ের মূল্য সম্বলিত প্রস্তাবসহ এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে। এ প্রেক্ষিতে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | ২। দশ হাজার পার্স ও দশ হাজার স্কুল ব্যাগ ক্রয়ের মূল্য সম্বলিত কার্যক্রম গ্রহণের জন্য ০৪ সদস্যের সমন্বয়ে কমিটি একটি গঠন করা হলোঃ<br>ক) জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি) - আহবায়ক<br>খ) জনাব মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ - সদস্য<br>গ) জনাব নুসরাত জাহান সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ-সদস্য<br>ঘ) জনাব মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর ম্যানেজার-সদস্য<br>(প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।) | গঠিত কমিটি |
| ৩.৩ | Raw Material Bank (RMB) | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, জেইএসসি'র RMB-তে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং ফাইন জুট ফেব্রিক্স (FJF) ক্রয়ের দরপত্র কার্যক্রম সম্পন্ন হয়েছে। কিন্তু কার্যাদেশ প্রদান প্রক্রিয়াধীন রয়েছে।<br>সভাপতি জেইএসসি'র আরএমবিতে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং এফজেএফ দ্রুত ক্রয় সম্পন্ন করতে পরামর্শ দেন। | জেইএসসি'র RMB-তে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স ও এফজেএফ ক্রয় দ্রুত শেষ করতে হবে। | ১। জনাব মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ<br>২। জনাব ইসতিয়াক আহমেদ, সেন্টার-ইন-চার্জ, ঢাকা |

চলমান পাতা

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.৪ | ডি-নথি কার্যক্রম। | ব্যক্তিগত কর্মকর্তা জনাব হান্নান মিয়াজী জানান, জেডিপিসিতে প্রাপ্ত পত্রসমূহ ডি-নথিতে উপস্থাপন করা হচ্ছে। চলতি মাসে ৯৩.৭৫% কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন হয়েছে।<br>সভাপতি পত্র/নথিসমূহ ডি-নথির মাধ্যমে উপস্থাপন করে কার্যক্রমের ধারা অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | ডি-নথির মাধ্যমে আবশ্যিকভাবে প্রাপ্ত পত্রাদি/নথিসমূহের ওপর কার্যক্রম সকলকে অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>জনাব আবদুল হান্নান মিয়াজী পার্সোনাল অফিসার (সমন্বয় করবে) |
| ৩.৫ | প্রশিক্ষণ সংক্রান্ত। | পরিচালক (এমআরপি) জানান, গত সভায় এ বিষয়ে সিদ্ধান্ত ছিলঃ জেডিপিসি'র কর্মকর্তাগণের ইংরেজী বিষয়ে গ্রুপ ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। কিন্তু প্রশিক্ষণটি আয়োজন করা সম্ভব হয়নি।<br>সভাপতি এ মর্মে অভিমত ব্যক্ত করেন, গত সভার গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা সমীচীন। সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করা যেতে পারে। এ প্রেক্ষিতে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | উক্ত প্রশিক্ষণ বিষয়ে একটি কমিটি গঠন করা হলোঃ<br>১। জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি)-আহবায়ক<br>২। জনাব মোজাহিদুল ইসলাম জানান মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ-সদস্য<br>৩। জনাব মোঃ জাহাঙ্গির আলম টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ-সদস্য<br>(প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।) | গঠিত কমিটি |
| ৩.৬ | বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন। | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর লক্ষ্য অনুযায়ী বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন সম্পূর্ণ হয়েছে।<br>সভাপতি এ মর্মে অভিমত ব্যক্ত করেনঃ বহুমুখী পাটপণ্যের ব্যবহার ও সম্প্রসারণের জন্য মেলা আয়োজনের কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন। তাছাড়া খুলনা, রংপুর, ফরিদপুর এবং দক্ষিণ সিটি করপোরেশন ঢাকায় মেলা আয়োজন/অংশগ্রহণ করার জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নির্দেশনা রয়েছে। | বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন/অংশগ্রহণের নিমিত্তে যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য একটি কমিটি গঠন করা হলোঃ<br>১। জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি)-আহবায়ক<br>২। জনাব মোজাহিদুল ইসলাম মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ-সদস্য<br>৩। জনাব মোঃ জাহাঙ্গির আলম, টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ-সদস্য<br>৪। সৈয়দ জাকারিয়া পার্সোনাল অফিসার-সদস্য<br>৫। জনাব আবদুল হান্নান মিয়াজী পার্সোনাল অফিসার-সদস্য<br>(প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।) | গঠিত কমিটি |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.৭ | উদ্যোক্তা নিবন্ধন। | পরিচালক (এমআরপি) জানান, গত সভায় এ বিষয়ে সিদ্ধান্ত ছিলঃ (১) নিবন্ধন ও নবায়নের কার্যক্রম চলমান রয়েছে। (২) বহুমুখী পাটপণ্যের রপ্তানি সম্পর্কে সঠিক ও নির্ভরযোগ্য পরিসংখ্যান না থাকায় বিভিন্ন সময়ে অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই Harmonized System (HS) Codes নির্ধারণ করা প্রয়োজন।<br><br>সভাপতি এ মর্মে অভিমত ব্যক্ত করেন, গত সভার গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা সমীচীন। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। এ প্রেক্ষিতে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | ১। নিবন্ধন ও নবায়নের কার্যক্রম বিধি মোতাবেক চলমান থাকবে।<br><br>২। Harmonized System (HS) Codes নির্ধারণ করতে হবে। | সৈয়দ জাকারিয়া পার্সোনাল অফিসার<br><br>মোজাহিদুল ইসলাম জানান মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ |
| ৩.৮ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর। | পরিচালক (এমআরপি) জানান, গত সভায় এ বিষয়ে সিদ্ধান্ত ছিলঃ দ্রুততম সময়ের মধ্যে বিজেআরআই এবং জেডিপিসি-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক সম্পন্ন করতে হবে। এ বিষয়ে গত ০৫-০৩-২০২৪ তারিখে বিজেআরআই-তে পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন উত্তর পাওয়া যায়নি বিধায় সিদ্ধান্তটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি।<br><br>সভাপতি এ মর্মে অভিমত ব্যক্ত করেন, গত মার্চ ২০২৪ মাসের সভায় যেহেতু সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, সেহেতু তা যথাযথভাবে বাস্তবায়ন করা যৌক্তিক। কিন্তু তা বাস্তবায়ন করা হয়নি। বিষয়টি বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। | বিজেআরআই এবং জেডিপিসি-এর মধ্যে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক সম্পন্ন করতে হবে। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ |

চলমান পাতা

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.৯ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত কার্যক্রম। | পরিচালক (এমআরপি) জানান, গত সভায় এ বিষয়ে সিদ্ধান্ত ছিলঃ (১) আন্তর্জাতিক/দেশীয় অভিজ্ঞ এবং দক্ষ ডিজাইনার দ্বারা প্রডাক্ট ডেভেলপমেন্ট-এর ওপর ওয়ার্কশপ আয়োজন করতে হবে। কিন্তু সিদ্ধান্তটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি।<br><br>সভাপতি এ মর্মে অভিমত ব্যক্ত করেন, গত মার্চ ২০২৪ মাসের সভায় যেহেতু সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, সেহেতু তা যথাযথভাবে বাস্তবায়ন করা যৌক্তিক। কিন্তু তা বাস্তবায়ন করা হয়নি। উক্ত ওয়ার্কশপ আয়োজনের জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। | প্রডাক্ট ডেভেলপমেন্ট-এর ওপর ওয়ার্কশপ আয়োজনের জন্য একটি কমিটি গঠন করা হলোঃ<br>১। জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি)- আহবায়ক<br>২। জনাব মোজাহিদুল ইসলাম জানান মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ- সদস্য<br>৩। জনাব নুসরাত জাহান সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ- সদস্য<br>(প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।) | গঠিত কমিটি |

৪। পরিশেষে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে সততা ও নিষ্ঠার সাথে চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে সমন্বিতভাবে উদ্যোগ ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।

৫। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.০৫.২০২৪

(সৈয়দা ফারহানা কাউনাইন)
যুগ্মসচিব
ও
নির্বাহী পরিচালক, জেডিপিসি
ফোন-৪৮১২২২৩৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২২৮.২১/১৭২ তারিখ: ০৫ জুন ২০২৪

বিষয়ঃ ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ০১ থেকে ৩১ মে /২০২৪ তারিখ পর্যন্ত জেডিপিসি'র ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলোঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | মাসের নাম | মোট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেডিপিসি | এপ্রিল/২০২৪ | হার্ড-নথিতে নিষ্পত্তি | ডি-নথিতে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | |
| - | - | - | ০২টি | ১৯টি | ২১ টি | ৯১.৩০% |

05.06.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সিনিয়র সহকারি সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা।

মে ২০২৪ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণঃ

| গত মাসের জের | আলোচ্য মাসের প্রাপ্তি | আলোচ্য মাসের নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশি নয় | এক সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশি নয় | এক মাসের অধিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | ২১ | ১৯ | ০ | ০ | - | - | চলতি মাসে প্রাপ্ত ২১টি পত্রের মধ্যে ১৯টি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে। বাকী ০২টি পত্র হার্ড-নথিতে নিষ্পন্ন করা হয়েছে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২২৮.২১ - ২০৫

তারিখ: ০৩ জুলাই ২০২৪

বিষয়ঃ ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ০১ থেকে ৩০ জুন/২০২৪ তারিখ পর্যন্ত জেডিপিসি'র ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলোঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | মাসের নাম | মোট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেডিপিসি | এপ্রিল/২০২৪ | হার্ড-নথিতে নিষ্পত্তি | ডি-নথিতে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | |
| - | - | - | ০১টি | ১১টি | ১২ টি | ৯২.৩১% |

০৩.০৭.২০২৪
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোছাঃ আকতারুন নেছা, সিনিয়র সহকারি সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা।

জুন ২০২৪ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণঃ

| গত মাসের জের | আলোচ্য মাসের প্রাপ্তি | আলোচ্য মাসের নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশি নয় | এক সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশি নয় | এক মাসের অধিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | ১২ | ১১ | ০ | ০ | - | - | চলতি মাসে প্রাপ্ত ১২টি পত্রের মধ্যে ১১টি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে। বাকী ০১টি পত্র হার্ড-নথিতে নিষ্পন্ন করা হয়েছে। |